EXECUTIVE COMMITTEE
2023-2025

**President**
Prof. Dr. Muhammad Hafizur Rahman

**President Elect**
Dr. Faria Afsana

**Vice President**
Prof. Dr. Laique Ahmed Khan
Prof. Dr. Md Azizul Hoque
Prof. Dr. Md Feroz Amin
Prof. Dr. Samir Kumar Talukder
Prof. Dr. Akhteruzzaman

**General Secretary**
Dr. Shahjada Selim

**Joint Secretary**
Dr. A.B.M. Kamrul Hasan

**Treasurer**
Dr. Nazmul Kabir Qureshi

**Organizing Secretary**
Dr. Mirza Sharifuzzaman

**Joint Organizing Secretary**
Dr. Marufa Mustari (Dhaka)
Dr. Mohammed Ripon (Chattogram)
Dr. Mohammad Motiur Rahman (Rajshahi)
Dr. Mohammad Abdul Hannan (Tareq) (Sylhet)
Dr. S M Mohiuddin (Barishal)
Dr. Md Lutful Kabir (Rangpur)
Dr. Muhammad Shah Alam (Khulna)
Dr. Nur-A-Musabber (Mymensingh)

**Publication Secretary**
Dr. Ahmed Salam Mir

**International Affair Secretary**
Dr. Tahniyah Haq

**Scientific Secretary**
Dr. M Saifuddin

**Research Secretary**
Dr. Nazma Akter

**Press & Media Secretary**
Dr. Tanjina Hossain

**Office Secretary**
Dr. Afsar Ahammed

**EC Member**
Prof. Dr. M A Hasanat
Dr. Ahsanul Haq Amin
Dr. Shahryar Ahmad
Dr. Sultana Marufa Shefin
Dr. Mohammed Mahboob Iftekhar
Dr. Sourav Sarkar
Dr. Muhammed Abu Bakar
Dr. Shahin Ibn Rahman
Dr. Ahmed Ifrad Bin Raunak
Dr. Lala Shourav Das

**Ex-Officio**
Prof. Dr. S M Ashrafuzzaman

**Chief Patron**
Prof. Dr. Md. Faruque Pathan

**Honorary Presidents**
Maj Gen (Rtd) Dr. AR Khan
Prof. Dr. Hajera Mahtab
National Prof. Dr. AK Azad Khan



Registration No S-11423

# Bangladesh Endocrine Society (BES)


**তারিখ: ১৩/১১/২০২৪**

**বিশ্ব ডায়াবেটিস দিবস-২০২৪ উপলক্ষে সংবাদ বিজ্ঞপ্তি, জাতীয় প্রেসক্লাব**

"ডায়াবেটিস ও সুস্থতা" এবার এই প্রতিপাদ্যকে সামনে রেখে পালিত হচ্ছে ১৪ই নভেম্বর, বিশ্ব ডায়াবেটিস দিবস। ডায়াবেটিস রোগীর চিকিৎসা ত্বরান্বিত করতে, ডায়াবেটিস প্রতিরোধ করতে এবং ডায়াবেটিসের স্বল্পস্থায়ী/দীর্ঘস্থায়ী ঝুঁকি কমাতে রোগীর পরিবারের সদস্য, সেবাদানকারী চিকিৎসকবৃন্দ, ও রাষ্ট্রীয় নেতৃত্বদানকারী সকলকে ডায়াবেটিস ব্যবস্থাপনার গুরুত্ব অনুধাবন করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সচেষ্ট করতে এ দিবসটি ভূমিকা রাখবে বলে আশা করা হয়।

বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোতে ডায়াবেটিসের প্রাদুর্ভাব ব্যাপক ঊর্ধ্বমুখী এবং অনেক দেশের ডায়াবেটিসের ঝুঁকি ও রোগীর পরিসংখ্যান বিষয়ক তথ্যের ঘাটতি পরিলক্ষিত হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার(WHO) সাম্প্রতিক উপাত্ত সমূহ নিম্নরূপ:-

২০২২ সালে গ্লোবাল ডায়াবেটিস কাভারেজ লক্ষ্যসমূহ: WHO-এর সদস্য দেশগুলো ২০৩০ সালের মধ্যে ৫টি গ্লোবাল ডায়াবেটিস কাভারেজ লক্ষ্য অনুমোদন করেছে:-

- ৮০% ডায়াবেটিস রোগী সঠিকভাবে নির্ণয়কৃত।
- ৮০% ডায়াবেটিস রোগীদের অনিয়ন্ত্রিত রক্তের গ্লুকোজ নিশ্চিতকরণ।
- ৮০% নির্ণয়কৃত ডায়াবেটিস রোগীর রক্তচাপ নিয়ন্ত্রণ।
- ৬০% ডায়াবেটিস রোগী, যাদের বয়স ৪০ বছর বা তার বেশি, তাদের স্ট্যাটিন গ্রহণ নিশ্চিত করা।
- ১০০% টাইপ ১ ডায়াবেটিস রোগীকে সাশ্রয়ী মূল্যে ইনসুলিন এবং রক্তের গ্লুকোজ পর্যবেক্ষণের সুবিধা নিশ্চিতকরণ।

বাংলাদেশ এন্ডোক্রাইন সোসাইটি যথাযথ গুরুত্ব সহকারে প্রতিবছরের ন্যায় এবারও বিশ্ব ডায়াবেটিস দিবস উদযাপনের আয়োজন করছে। বাংলাদেশ যেহেতু ডায়াবেটিস হবার তীব্র ঝুঁকিপূর্ণদেশ এবং বিপুল সংখ্যক কম বয়সি ছেলে-মেয়ে আক্রান্ত হচ্ছে এবং ক্রনিক জটিলতার সম্ভাবনা আছে, তাই ডায়াবেটিস প্রতিরোধে সামাজিক বিপ্লব তৈরিতে প্রতিজ্ঞাবদ্ধ। এক্ষেত্রে বাংলাদেশ এন্ডোক্রাইন সোসাইটির সকল সদস্যকে নিয়ে নীতিনির্ধারকবৃন্দ, সমাজের নেত্রী স্থানীয় এমনকি ডায়াবেটিসের রোগীর পরিবারের সদস্যদেরকে যুক্ত করে সামগ্রিক কর্মকান্ড নেবার চেষ্টা করছে। শুধু তাই নয়, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজে এন্ডোক্রাইনোলজি বিভাগ স্থাপন করা যাতে করা যায়, সেখানে উন্নত চিকিৎসা নিশ্চিত করা যায়, এ ব্যাপারে সরকারের সাথে ঘনিষ্ট ভাবে কাজ করছে। সাধারণ শিক্ষা ব্যবস্থাতেও ডায়াবেটিস শিক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংযোজন ও ছাত্র-ছাত্রীদের আবশ্যিকভাবে শারীরিক শ্রম সম্পাদনে উৎসাহ প্রদান ও বাধ্যবাধকতা আরোপে শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সকলের সাথে কাজ করার উদ্যোগ গ্রহণ করছে।

প্রেস কনফারেন্সে উপস্থিত ছিলেন বাংলাদেশ এন্ডোক্রাইন সোসাইটির সাধারণ সম্পাদক ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ডা. শাহজাদা সেলিম, BES-এর প্রধান পৃষ্ঠপোষক ও বারডেমের পরিচালক (শিক্ষা) অধ্যাপক ডা. মো. ফারুক পাঠান, BES-এর সভাপতি ও ইউনাইটেড হাসপাতালের সিনিয়র কনসালটেন্ট, এন্ডোক্রাইনোলজি বিভাগ, অধ্যাপক মোহাম্মদ হাফিজুর রহমান, BES-এর বৈজ্ঞানিক সম্পাদক ও ঢাকা মেডিকেল কলেজের এন্ডোক্রাইনোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. এম সাইফুদ্দিন, BES-এর নির্বাহী কমিটির সদস্য ও এভারকেয়ার হাসপাতালের সিনিয়র কনসালটেন্ট ডা. আহসানুল হক আমিন, BES-এর সাংগঠনিক সম্পাদক ও ঢাকা মেডিকেল কলেজের এন্ডোক্রাইনোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. মির্জা শরিফুজ্জামান, BES-এর যুগ্ম সাংগঠনিক সম্পাদক ও বি.এস.এম.এম.ইউ. এর এন্ডোক্রাইনোলজি বিভাগের সহকারী অধ্যাপক ডা. মারুফা মোস্তারী, BES-এর আজীবন সদস্য ও জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট এর এন্ডোক্রাইনোলজিস্ট ডা. সৈয়দ আজমল মাহমুদ সহ সংগঠনের অন্যান্য গুরুত্বপূর্ণ সদস্য ও বিশেষজ্ঞ চিকিৎসকগণ।

বর্তমানে কমপক্ষে প্রতি ৩ জনের ২ জন ডায়াবেটিসের রোগী ডায়াবেটিসজনিত দীর্ঘস্থায়ী জটিলতার শিকার । বিশেষজ্ঞরা আশঙ্কা করছেন যে, আগামী কয়েক বছরে এই সংখ্যা দ্বিগুণ হতে পারে। ২০২৫ সালের মধ্যে দেশের অন্যতম প্রধান অসংক্রামক রোগ হিসেবে ডায়াবেটিসে আক্রান্ত রোগীর সংখ্যা দেড় কোটিতে পৌঁছাতে পারে বলে ধারণা করছেন।

তারা বলেন, এই গুরুতর পরিস্থিতি বিবেচনায় নিয়ে ডায়াবেটিস প্রতিরোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা সময়ের দাবি।" বক্তারা আরো বলেন, "প্রয়োজনীয় পদক্ষেপ না নিলে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে। সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ, সুলভে ওষুধ সরবরাহ, এবং ডায়াবেটিস রোগীদের সেবা প্রদানে অন্যান্য সহযোগী ব্যবস্থাপনা নিশ্চিত করাই এখন অত্যন্ত জরুরি।"


ডা. শাহজাদা সেলিম
সাধারণ সম্পাদক
বাংলাদেশ এন্ডোক্রাইন সোসাই (BES)
Cell: 01919000022
Email: selimshahjda@gmail.com


Scan for Soft Copy